




## এবার অধ্যাপক ফারুকের পাশে ঢাবি উপাচার্য

বললেন, জনস্বার্থেই তার গবেষণা

প্রকাশ : ১৭ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সম্প্রতি বাজারের বিভিন্ন কোম্পানির দুধ নিয়ে দুই দফায় গবেষণা করে তাতে ক্ষতিকর রাসায়নিক এবং সিসার উপস্থিতি প্রমাণ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিক্যাল রিসার্চ সেন্টারের সদ্য সাবেক পরিচালক অধ্যাপক আ ব ম ফারুক। তার এ গবেষণার ফল প্রকাশের পর থেকেই সরকারি কর্মকর্তাসহ বিভিন্ন মহলের রোষানলে পড়েন তিনি। বিভিন্ন মহল থেকে তাকে হুমকিধমকি দেওয়া হলেও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ সচেতন মহল অধ্যাপক ফারুককে এ গবেষণাকে সাধুবাদ জানান। এবার তার গবেষণা প্রসঙ্গে কথা বলেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। উপাচার্য বলেন, ‘অধ্যাপক ফারুক একজন স্ট্যান্ডার্ড মানের গবেষক। তিনি জনস্বার্থেই গবেষণাটি করেছেন। একজন গবেষক হিসেবে তিনি তার মৌলিক দায়িত্বই পালন করেছেন। এটি নিয়ে বিতর্ক তোলার আগে এই মানের আরেকটি গবেষণা করা উচিত ছিল। তখন গবেষণাটি সম্পর্কে ধারণা করা যেতো। কিন্তু তা না করে এ মানের একজন গবেষকের গবেষণার ত্রুটি খোঁজা কোনোভাবেই কাম্য না এবং এটিকে বিতর্কিত করলে আমাদের কোনোক্রমে আপস করাও ঠিক হবে না।’

ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাপক ফারুককে পক্ষে আছে উল্লেখ করে উপাচার্য আরো বলেন, ‘শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ই নয়, তার পক্ষে সমগ্র জাতি থাকবে। আর তিনি তো ঢাবির অধ্যাপক হিসেবেই গবেষণা করে ফল প্রকাশ করেছেন। এজন্য তাকে আমরা ধন্যবাদ জানাই।’

এছাড়া যেনতেনভাবে গবেষণা নিয়ে প্রশ্ন তুললে সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন বাধাগ্রস্ত হবে বলে মনে করেন ঢাবি উপাচার্য। তিনি বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের কাজই হলো গবেষণা করা। এখানে প্রচুর গবেষণা হবে। বিশেষ করে এখানে জনস্বার্থে গবেষণা হওয়া বেশি জরুরি। আ ব ম ফারুক মৌলিক ধারার মানুষ। তিনি সত্ সাহস নিয়ে এ গবেষণাটি করেছেন।’

---

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

---

|